WOMEN'S REFUGEE COMMISSION
RESEARCH. RETHINK. RESOLVE.

“আমাদের নিজেদের নাম নিজেদেরকেই লিখতে হবে”

# মহিলাদের ক্ষমতায়নের উপর একটি সরেজমিনে বিবরণ

এই সরেজমিনে বিবরণটি রোহিঙ্গাদের প্রতি মানবিক প্রতিক্রিয়ার জন্য সরেজমিনে কর্মরত কর্মচারিদের মহিলাদের ক্ষমতায় সম্পর্কে বুনিয়াদি বার্তা প্রদানের জন্য তৈরি করা হয়েছে। এই বুনিয়াদি বার্তাগুলিকে সরেজমিনে কর্মরত কর্মীরা মহিলা ও কমবয়সী মেয়েদের সঙ্গে অংশগ্রহণ ও নেতৃত্ব প্রসঙ্গে কথা বলার সময়ও ব্যবহার করতে পারেন। এই বার্তাগুলি মহিলা শরণার্থী বিষয়ক কমিশন (উইমেন্স রেফিউজি কমিশন) দ্বারা পরিচালিত একটি মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তৈরি করা হয়েছিল।[1]

## বুনিয়াদি বার্তা 1: রোহিঙ্গা মহিলারা এগিয়ে যাবার পথটা চেনেন

প্রতিটা ব্যক্তি ও সমুদায়ের কাছে ক্ষমতায়ন আলাদা-আলাদাভাবে দেখাবে। রোহিঙ্গা মহিলা ও কমবয়সী মেয়েরা এগিয়ে যাবার পথ সম্পর্কে পারদর্শী। তারা সেই পদক্ষেপগুলির ব্যাপারে খুব ভালভাবে জানেন যেগুলি তাদের পছন্দ ও সুযোগ-সুবিধাগুলিকে প্রসারিত করার জন্য সময়ের সাথে সাথে নেওয়া উচিৎ। কোন কোন সময় মহিলা ও কমবয়সী মেয়েরা সেই পদক্ষেপ নিজে থেকেই নেবেন। আবার কোন কোন সময় তারা সম্মিলিতভাবে তা নেবেন। শিবিরে কয়েকটি মহিলাদের গোষ্ঠী আছে, যেমন শান্তি মহিলা, যা বিভিন্ন কর্মসূচি ও কার্যকলাপগুলি সম্পর্কে পরামর্শ দিতে পারে।


> “বিশ্বের মহিলাদের উদ্দেশ্যে আমাদের একটি বার্তা আছে। আমাদের শান্তি মহিলা গোষ্ঠীকে শক্তিশালী করে তোলার জন্য আমাদের সহায়তা করুন, যাতে আমরা আমাদের কার্যকলাপগুলিকে সম্প্রসারিত করে আমাদের মহিলাদের শক্তি প্রদান করতে পারি।”
> – রোহিঙ্গা মহিলা ও শান্তি মহিলা প্রতিনিধি

## বুনিয়াদি বার্তা 2: রোহিঙ্গা মহিলারা ও কমবয়সী মেয়েরা কীভাবে অন্যদের প্রভাবিত করেন তা শিখুন

রোহিঙ্গা মহিলাদের ও কময়বয়সী মেয়েদের তাদের সম্পর্কে, পরিবারে এবং সমাজের মধ্যে বিভিন্ন ধরনের ক্ষমতা রয়েছে। তাদের কাছে আগে থেকেই কৌশলের একটি শ্রেণি রয়েছে যা দিয়ে রোজ তারা অন্যদের প্রভাবিত করেন, এবং তাদের জন্য জরুরি এমন বিষয়গুলির ব্যাপারে পদক্ষেপ নিতে তাকে কাজে লাগান। রোহিঙ্গা মহিলাদের ও কমবয়সী মেয়েদের জিজ্ঞাসা করুন তারা কীভাবে তাদের জীবনে অথবা তাদের পরিবারের বা সমাজের জীবনে পরিবর্তন এনেছেন। তারা যে সব প্রতিবন্ধকতাগুলির সম্মুখীনে হয়েছেন সেগুলি কী কী? কোন কোন কৌশলগুলি খুব ভাল কাজ করেছিল? নিচে কয়েকটি উদাহরণ দেওয়া হল...



“মহিলাদের এবং কমবয়সী মেয়েদের জন্য সুরক্ষিত এমন স্থানে আমরা সেলাই শিক্ষার একজন শিক্ষক চাই। আমার স্ত্রী আরও শিখতে চায়। আমাদের স্ত্রীরা আমাদের বলেছিলেন তারা এটাই চান এবং আমাদের আপনাকে বলা উচিৎ।”




“আমি যখন SSWG-এ এসেছিলাম এবং নতুন নতুন জিনিস শিখেছিলাম, আমি বাড়িতে ফিরে গিয়ে আমার প্রতিবেশীদের তা বলেছিলাম, এবং তখন আমরা ঠিক করেছিলাম যে, আমরা একত্রে আসব এবং আরও অনেক কিছু শিখব।”



“আমরা যখন একা একা যাই তখন কিছুই হয় না। কিন্তু আমরা যদি দলগতভাবে যাই, তাহলেই আমরা কিছু পরিবর্তন আনতে পারি। উদাহরণস্বরূপ, গ্যাস সরবরাহে কিছু সমস্যা দেখা দিয়েছিল—কিছু মানুষ গ্যাস পাচ্ছিলেন, আবার কিছু মানুষ পাচ্ছিলেন না। তাই, আমরা মাঝির সঙ্গে কথা বলেছিলাম এবং একটা আবেদনপত্র পূরণ করেছিলাম, আর তারপর আমরা এই বাড়ির জন্য সিলিন্ডার পেয়ে গিয়েছিলাম (যে বাড়িতে দেওয়া হয়েছিল না)।”

## বুনিয়াদি বার্তা 3: মহিলাদের ও কমবয়সী মেয়েদের জন্য পরিসর তৈরি করুন যেখানে তারা তাদের ভাবনা-চিন্তা ও কাজকর্মগুলিকে পাবেন

শিবিরের বৃহত্তর সমস্যা ও আশংকাগুলি নিয়ে একে-অপরের সঙ্গে কথা বলার জন্য মহিলাদের ও কমবয়সী মেয়েদের জায়গা করে দিন। তাদেরকে তাদের শক্তি ও কৌশলগুলির অন্বেষণ করতে বলুন। তাদেরকে তাদের সাধারণ লক্ষ্যগুলিকে চিহ্নিত করতে দিন। তারা শুধুমাত্র তাদের একে-অপরের জন্য কার্যকলাপ দিয়েই যাত্রা শুরু করতে পারে—যেমন, লিখতে ও পড়তে শেখা। সময়ের সাথে সাথে, তারা বৃহত্তর জনসমাজে বদল আনতে চাইতে পারেন—যেমন, নিরাপত্তার পরিমাপ করা বা শিক্ষাদানকে মজবুত করে তোলা ভিত্তিক বদলগুলি। সিদ্ধান্তটা তাদেরকেই নিত হবে।




## বুনিয়াদি বার্তা 4: অন্তর্ভুক্তি ও বৈচিত্র্যের তত্ত্বাবধান

মহিলারা প্রত্যেকেই আলাদা-আলাদা। তাদের মধ্যে কেউ কেউ কমবয়সী যাদের মধ্যে নতুন নতুন চিন্তাভাবনা আছে। কেউ কেউ আবার বয়স্ক, যাদের মধ্যে জীবন সম্পর্কে প্রচুর অভিজ্ঞতা রয়েছে। অন্য মহিলাদের "আলাদা" হিসেবে গণ্য করা যেতে পারে এবং তারা সমাজ থেকে বহিষ্কৃত হতে পারেন। বৃত্তের অন্য মহিলাদের চিহ্নিত করতে এবং তাদের কাছে পৌঁছাতে মহিলাদের ও কমবয়সী মেয়েদের সাহায্য করুন। তাদেরকে সেই সব মহিলাদের কথা চিন্তা করতে বলুন যারা হয়ত বাদ পড়ে গেছেন, এবং এই গোষ্ঠীগুলির কাছে পৌঁছানোর ব্যাপারে কৌশল তৈরি করুন। সেই সব মহিলাদের এবং কমবয়সী মেয়েদের কথা ভাবুন যাদের চলাফেলা করায় বা কথাবার্তা বলায় অসুবিধা থাকতে পারে, অথবা সেই সব মহিলাদের কথা ভাবুন যারা হয় বিবাহ-বিচ্ছিন্না বা অবিবাহিতা।


## বুনিয়াদি বার্তা 5: পুরুষ ও কমবয়সী ছেলেদের যুক্ত করা

পুরুষ ও কমবয়সী ছেলেদের যুক্ত করাটা খুবই জরুরি, এমনকি সেই সব কার্যকলাপগুলি পরিচালনা করার সময়ও যেগুলি মূলত মহিলাদের ও কমবয়সী মেয়েদের উদ্দেশ্য করে গৃহীত হয়েছে। এতে কার্যকলাপগুলির সম্পর্কে ভুল বোঝা-বুঝি বন্ধ হবে, এবং সমাজের মধ্যে থেকে বৃহত্তর সহায়তা পাবার বিষয়টি সুনিশ্চিত করা যাবে। যে সব মহিলাদের ও কমবয়সী মেয়েদের নিয়ে কাজ করছেন তাদের থেকে জানতে চান তারা আর কাদের কাদের এই কার্যকলাপে যুক্ত করতে চান এবং আপনি কীভাবে তাদের সাহায্য করতে পারেন। পুরুষ ও কমবয়সী ছেলেদের কীভাবে যুক্ত করা হয়েছে তার কিছু উদাহরণ দেওয়া হল:

- তাদের সমাজে মহিলাদের কার্যকলাপগুলির ব্যাপারে সচেতনতা গড়ে তোলা।
- লিঙ্গ-ভিত্তিক হিংসা এবং যৌন ও প্রজননগত স্বাস্থ্য সম্পর্কে গৃহপ্রাঙ্গনে আলোচনা।
- রাস্তা মেরামত করে নিরাপদ স্থানগুলিতে মহিলাদের ও কমবয়সী মেয়েদের গতিবিধির সুগম করে তোলা।

## সমাপনী বার্তা: ক্ষমতায়ন একটি প্রক্রিয়া, কোন প্রকল্পের পরিণাম নয়।

ক্ষমতায়ন হল একটি প্রক্রিয়া যার মাধ্যমে মহিলারা ও কমবয়সী মেয়েরা ক্ষমতা লাভ করেন এবং জীবনের জন্য পছন্দের সুযোগ পান। তাদের জন্য সাফল্য ও প্রতিস্পর্ধা দুই-ই থাকবে। তাদের চলার পথে মহিলারা ও কমবয়সী মেয়েরা যে সব সিদ্ধান্ত ও পদক্ষেপগুলি গ্রহণ করবেন সেই সবগুলিকেই স্বীকৃতি দিন— বড় ও ছোট। তার সবগুলিই গুরুত্বপূর্ণ!



আরও তথ্যের জন্য, ডেল বুশারের সঙ্গে যোগাযোগ করুন যিনি মহিলা শরণার্থী বিষয়ক কমিশনের কর্মসূচি বিভাগের উপ-সভাপতি DaleB@wrcommission.org

## মহিলা শরণার্থী বিষয়ক কমিশন বা উইমেন্স রিফিউজি কমিশন

মহিলা শরণার্থী বিষয়ক কমিশন সংঘর্ষ ও সংকটের কারণে উচ্ছেদ হওয়া মহিলা, শিশু ও কমবয়সীদের জীবনকে উন্নত করে এবং তাদের অধিকারগুলিকে রক্ষা করে। আমরা তাদের প্রয়োজনীয়তাগুলিকে অন্বেষণ করি, সমাধানগুলিকে শনাক্ত করি এবং তাদের সহনশীলতাকে মজবুত করে তোলার জন্য কর্মসূচি ও নীতি প্রণয়নেরর পরামর্শ দিই এবং মানবিক অনুশীলনগুলিতে পরিবর্তন আনি।.

দ্রষ্টব্য

1. *"আমাদের নিজেদের নাম নিজেদেরকেই লিখতে হবে" কক্স বাজার জেন্ডার অপারেশনাল রিভিউ রিপোর্ট (জুলাই 2019)-এ রোহিঙ্গাদের প্রতি মানবিক প্রতিক্রিয়ায় লিঙ্গ বৈষম্যহীনতা ও মহিলাদের ক্ষমতায়ন। এখানে পাবেন।* https://wrc.ms/gen-eq-rohingya-report.

চিত্রালংকরণে, সোহানা নাজনিন অনু।

অক্টোবর 2019



উইমেন্স রিফিউজি কমিশন, 15 পশ্চিম 37তম স্ট্রিট, 10ম তল, নিউ ইয়র্ক, NY 10018
info@wrcommission.org | www.womensrefugeecommission.org | @wrcommission